## উপজেলা পরিষদের জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: হাবিবুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা |
| সভার তারিখ ও সময় | : | ২০.০৬.২০২৩ খ্রি, বেলা ১১.০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-খ |

সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণাকে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি মেডিকেল অফিসার ডা. নয়ন ঘোষ সভায় জানান যে, জরুরী বিভাগ, অন্ত: বিভাগ, বহির্বিভাগে রোগীদের সেবা অব্যাহত রয়েছে। গর্ভবতী মায়েদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এএনসি(ANC) কর্নারে সেবা অব্যাহত রয়েছে এবং শিশুদের জন্য পৃথক আইএমসিআই কর্নারে সেবা অব্যাহত রয়েছে। অসংক্রামনক রোগে আক্রান্ত (উচ্চরক্তচাপ, ডায়াবেটিস) রোগীদের সেবা দ্রুততার সহিত নিশ্চিত করার লক্ষ্যে পৃথক এনসিডি কর্নার চালু হয়েছে। ইপিআই কার্যক্রমের পাশাপাশি কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান রয়েছে। | (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের বিনামূল্যে কি কি ঔষধ দেওয়া হয় এবং কি পরিমাণ মাসিক বরাদ্দ আসে তার প্রতিবেদন সভাকে অবহিত করতে হবে।<br><br>(খ) কমিউনিটি ক্লিনিক সমূহে রোগীদের বিনামূল্যে কি কি ঔষধ দেওয়া হয় এবং কি পরিমাণ মাসিক বরাদ্দ আসে তার প্রতিবেদন সভাকে অবহিত করতে হবে।<br><br>(গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বীর মুক্তিযোদ্ধাদের জন্য আলাদা বেডসহ চিকিৎসার সু-ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, মদন। |
| ২. | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে ৮০০ জন কৃষকের মাঝে বীজ ও রাসায়নিক সার বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। সার ও বীজের কৃত্রিম সংকট তৈরী না হওয়ায় বিষয়ে সর্তক দৃষ্টি রাখা হয়েছে। কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। কীটনাশকের দোকানে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা কৃষি অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল কৃষকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) জানুয়ারি/২০২৩ থেকে জুন/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে, কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, মদন |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>২০২২-২০২৩ অর্থ বছরে অত্র কার্যলয় হতে সুবিধাপ্রাপ্ত খামারির মধ্যে ১।হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প হতে ৫৫০ জন মুরগি পালনকারী ৫৫০ টি ঘর পেয়েছেন, ও ১৫টি করে মুরগী পেয়েছেনএবং ১২৫ জন ০২ টি করে ছাগল পেয়েছেন, হাঁস পালন প্যাকেজ বিতরণের অপেক্ষামান, ভেড়া পালনের উপর ১০০ জন সুবিধাভোগীদের প্রশিক্ষণ দেওয়া হয় এবং মুরগি পালন ৫০ জন সুবিধাভোগীদের প্রশিক্ষণ দেওয়া হয়।<br>২। সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প-হতে ১২ জন মুরগি পালন প্যাকেজে মুরগির ঘর ও ১৫টি করে মুরগি পাবেন এবং ১২ জন হাঁস পালন প্যাকেজে হাঁসর ঘর ও ১৫টি করে হাসঁ পাবেন।<br>৩।প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নতজাতের ঘাসচাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ১০(দশ) জন ঘাসচাষ করেন এমন ১০(দশ)চাষীকে ৫০০০/- হারে ৫০০০০/- প্লটের সাইনবোর্ডসহ প্রদান করা হয়।<br>**তিনি জানান গত ২১শে মে ২০২৩ তারিখে ঘূর্নিঝড়ে ক্ষতিগ্রস্থ কোন খামারী লিখিত ভাবে অবহিত করেন নাই।** | (ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা প্রাণি সম্পদ অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল খামাড়িকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) হাঁস-মুরগি ও গবাদি পশুর টিকা কার্যক্রম চলমান রাখতে হবে।<br>(ঘ) জানুয়ারি/২০২৩ থেকে জুন/২০২৩ পর্যন্ত কোন কোন আইনে মোবাইল কোর্ট পরিচালনা হয়েছে, কি পরিমাণ জরিমানা/দন্ডিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ঈদ- উল-আযহা উপলক্ষ্যে মদন উপজেলায় মোটতাজা খামারীর সংখা-৪৪৫ জন গবদি পশু লালন পালন করেছেন-৩৮৯৩টি,পারিবারিক ভাবে পালন করেছেন ১১,১৯৭টি , এলডিডিপি প্রকল্পের পিজি সদস্য কর্তৃক লালন পালন করেছেন-১৯৯৭টি সর্বমোট মোটাতাজাকরণ গরুর সংখ্যা-১৭০৬৯ ।<br>১। ২০২২-২০২৩ অর্থ বছরে ৫৮৫৩০০ মাত্রা হাঁস-মুরগির টিকা প্রয়োগ করা হয় ।<br>২। গবাদিপশুর টিকা প্রয়োগ কার্যক্রম ৪৮৮৮০ মাত্রা ।<br>ঈদ-উল- আযহা উপলক্ষে গরু মোটাতাজাকরনে খামারীদের ষ্টেরয়েডজাতীয় ঔষধ ও হরমোন জাতীয় ঔষধ ব্যবহারে নিরুৎসাহিত করা হয়।<br>অত্র অফিস হতে সুবিধাভোগী ০১(এক)জন খামারীর সচিত্র প্রতিবেদন তৈরী হচ্ছে।<br>১। উপজেলা প্রাণিসম্পদ অফিস, মদনের গবাদিপশুর চিকিৎসা করা হয় মোট ২৪৫৪৬ টি । পৌরসভা ও ৮টি ইউনিয়নসহ গড়ে প্রতিটি ইউনিয়নে ২৭২৮টি গবাদিপশুকে চিকিৎসা দেওয়া হয় গড়ে ৯৮২ জন খামারীকে।<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা করা হয় মোট ২১৫৩৪৪ টি। পৌরসভা ও ৮টি ইউনিয়নসহ গড়ে প্রতিটি ইউনিয়নে ২৩৯২৭টি হাঁস-মুরগীকে চিকিৎসা দেওয়া হয় গড়ে ২২০ জন খামারীকে।<br>১৫/০২/২০২৩ ইং তারিখে পশুখাদ্যের মান নিয়ন্ত্রন ও জনস্বাস্থ্যের বিবেচনায় মোবাইলকোর্ট পরিচালনা করা হয় এবং ০১ (এক) জনকে জরিমানা করা হয় ৬০০০/-। | | |
| ৪. | <u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, হাওরে দেশীয় প্রজাতির মাছ রক্ষার জন্য মদন উপজেলায় সর্বত্র মাইকিং করা হচ্ছে। নিয়মিত হাওর পরিদর্শন করা হচ্ছে। অবৈধভাবে মৎস্য আহরণে অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। বাজারে ডিমওয়ালা মা মাছ এবং পোনা মাছ ধরা বন্ধে অভিযান চালানো হচ্ছে। হাওরে জঙ্গলে দেশীয় প্রজাতির মাছ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিল বোর্ড স্থাপন, হ্যান্ডবিল/লিফলেট বিতরণ ও বিভিন্ন যায়গায় সচেতনতামূলক সভা করা হয়। জাতিয় পুষ্টি সপ্তাহ-২০২৩ উপলক্ষে লিফলেট বিতরণ করা হয়। ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের আওতায় মৎস্যচাষীদের ও মৎস্যজীবীদের প্রশিক্ষণ, প্রদর্শনী খামাড় পরিদর্শণ ও বিল নার্সারি পরিদর্শণ করা হয়। এছাড়াও স্বাস্থ্যসম্মত ও নিরাপদ মাছ সরবরাহের লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ কাজ করে যাচ্ছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) উপজেলা মৎস্য অফিস হতে সুবিধাভোগী অন্তত ০১ জন সফল মৎস্যজীবীকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, মদন |
| ৫. | <u>উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী জানান ২০২২-২৩ অর্থ বছরের এডিপি এর কাজ ১০০% বাস্তবায়ন হবে বলে আশাবাদী। বটতলা টু বাররী বাজার রাস্তার ভাঙা কালভার্ট অনুমোদন হয়েছে। দরপত্রের কাজ চলমান রয়েছে। একনেকে "নেত্রকোণা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন" প্রকল্প অনুমোদন হয়েছে। এ প্রকল্পের আওতায় মদন উপজেলার প্রায় ৪৬ কিলোমিটার রাস্তার উন্নয়ন করা হবে। মদন উপজেলার প্রথম uni-block রাস্তা নির্মাণ চলমান রয়েছে।<br><br>তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি পুরাতন ও জড়াজীর্ণ। বাসভবনটি ১৯৬০ দশকে নির্মিত। বর্তমানে বাসভবনটি বসবাসের অনুপযোগী। বিধায় পুরাতন বাসভবনটি পরিত্যাক্ত ঘোষণা করে নতুন বাসভবন ও বাউন্ডারী ওয়াল নির্মাণ করা অতীব জরুরী। এলক্ষ্যে পুরাতন বাসভবন ও বাউন্ডারী নিলাম বিক্রয়ের জন্য =৯,১৬,৮২৮.০০ (নয় লক্ষ ষোল হাজারে আটশত আটাশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তার মধ্যে ভাঙার খরচ=২,২৬,৯৬৩.০০( দুই লক্ষ ছাব্বিশ হাজার নয়শত তেষট্টি) টাকা বাদে নীট =৬,৮৯,৮৬৫.০০ (ছয় লক্ষ উননব্বই হাজার আটশত পঁয়ষট্টি) টাকা নিলাম মূল্য নির্ধারণ করা হয়েছে।<br><br>তিনি আরো জানান উপজেলা পরিষদ চেয়ারম্যানের কোন বাস ভবন নাই। উপজেলা পরিষদের চেয়ারম্যানের জন্য একটি বাসভবন নির্মাণ করা জরুরী।<br><br>তাছাড়া তিনি জানান উপজেলা পরিষদের নন-গেজেটেড আবাসিক ভবন 'কাকলী' ও 'ঝুমুর' সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখায় যায় উক্ত ভবনসমূহ মেরামতের প্রয়োজন। 'ঝুমুর' নন-গেজেটেড আবাসিক ভবন মেরামতের জন্য =১৯,৬৫,৪৫৭.০০ (উনিশ লক্ষ পঁয়ষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা ও 'কাকলী' নন-গেজেটেড আবাসিক ভবন মেরামতের জন্য =১৯,৪৯,৩০৯.০০ (উনিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত নয়) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>তিনি জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরীন ক্যাম্পাসের রাস্তা এবং উপজেলার মূল গেট হতে উপজেলা কমপ্লেক্স ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পর্যন্ত রাস্তা ভেঙে গেছে। তাই চলাফেরা করতে সমস্যা হয়। ০২ টি রাস্তা মেরামত করা প্রয়োজন। মেরামতের জন্য | (ক) উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন জরজীর্ণ বাসভবনটি পরিত্যাক্ত ঘোষণার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়, পুরাতন বাসভবন ও বাউন্ডারী ওয়াল নিলামে বিক্রয়ের জন্য =৯,১৬,৮২৮.০০ (নয় লক্ষ ষোল হাজারে আটশত আটাশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তার মধ্যে ভাঙার খরচ=২,২৬,৯৬৩.০০( দুই লক্ষ ছাব্বিশ হাজার নয়শত তেষট্টি) টাকা বাদে নীট =৬,৮৯,৮৬৫.০০ (ছয় লক্ষ উননব্বই হাজার আটশত পঁয়ষট্টি) টাকা নিলাম মূল্য অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন ও বাউন্ডারী ওয়াল নির্মাণের প্রশাসনিক অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) উপজেলা পরিষদের চেয়ারম্যানের বাসভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের 'ঝুমুর' নন-গেজেটেড আবাসিক ভবন মেরামতের জন্য =১৯,৬৫,৪৫৭.০০ (উনিশ লক্ষ পঁয়ষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা ও 'কাকলী' নন-গেজেটেড আবাসিক ভবন মেরামতের জন্য =১৯,৪৯,৩০৯.০০ (উনিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত নয়) টাকা।<br>(ঘ) উপজেলা পরিষদের অভ্যন্তরীন ক্যাম্পাসের | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, মদন |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদের অভ্যন্তরীন ক্যাম্পাসের রাস্তা = ৬,৭৬,৭০৯.০০(ছয় লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত নয়) টাকা ও উপজেলার মূল গেট হতে উপজেলা কমপ্লেক্স ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পর্যন্ত রাস্তা ০.০০-১৬৫.০০ মিটার = ৮,১৩,২৪৪.০০(আট লক্ষ তেরো হাজার দুইশত চুয়াল্লিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br><br>তিনি জানান নবনির্মিত উপজেলা পরিষদ পাবলিক হল রুমের কোন আসবাবপত্র না থাকায় সরকারি বিভিন্ন কর্মসূচি আয়োজন করতে সমস্যা হয়। তাই হল রুমের বিভিন্ন আসবাবপত্র সরবরাহ করা প্রয়োজন। উক্ত আসবাবপত্র সরবরাহের জন্য =২০,৯৩,৭৯৯.০০ (বিশ লক্ষ তিরানব্বই হাজার সাতশত নিরানব্বই) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি উল্লিখিত প্রস্তাবসমূহ সভায় অনুমোদনের জন্য অনুরোধ জানান। | রাস্তা = ৬,৭৬,৭০৯.০০(ছয় লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত নয়) টাকা ও উপজেলার মূল গেট হতে উপজেলা কমপ্লেক্স ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পর্যন্ত রাস্তা ০.০০-১৬৫.০০ মিটার = ৮,১৩,২৪৪.০০(আট লক্ষ তেরো হাজার দুইশত চুয়াল্লিশ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) উপজেলা পরিষদ পাবলিক হল রুমের আসবাবপত্র আসবাবপত্র সরবরাহের জন্য =২০,৯৩,৭৯৯.০০ (বিশ লক্ষ তিরানব্বই হাজার সাতশত নিরানব্বই) টাকার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বরাদ্দ প্রদানের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) ২০২২-২৩ অর্থ বছরের এডিপি এর কাজ ১০০% বাস্তবায়ন করতে হবে।<br><br>(ছ) বটতলা টু বাহরী বাজার রাস্তার বাক্স কালভার্টের কাজ এবং নেত্রকোণা জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় মদন উপজেলার ৪৬ কিলোমিটার রাস্তার উন্নয়ন কাজ প্রাক্কলন ও ডিজাইন মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | |
| ৬. | **<u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u>** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুন ২৩ মাসে ১২৭ জন মহিলাকে জন্মনিয়ন্ত্রণে খাবার বড়ি বিতরণ করা হয়, ২১ জনকে কনডম, ৪৪ জনকে ইনজেকশন এবং ৪৭ জন মহিলাকে ইমপ্লেন্টের আওতায় আনা হয়। স্থায়ী পদ্ধতিতে ০১ জন পুরুষ এবং ০৪ জন মহিলাকে জন্মনিয়ন্ত্রণের আওতায় আনা হয়। তাছাড়া গত মাসে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে ৩৩ জন গর্ভবতী মাকে ডেলিভারী করা হয়। | (ক) ২০২২-২৩ অর্থ বছরে মদন উপজেলার বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে এবং কতগুলো কাজ শতভাগ সম্পন্ন হয়েছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে কতজন রোগীকে ডেলিভারী করা হয়েছে তার বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন |
| ৭. | **<u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u>** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান অতিদরিদ্রের কর্মসংস্থান কর্মসূচি প্রকল্পের কাজ মাঠে চলমান টি.আর এবং কাবিখা/কাবিটা প্রকল্পের ২য় ও ৩য় পর্যায়ের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। তাছাড়া ২য় পর্যায়ের ৪২টি বীর নিবাস নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। | বীর নিবাস প্রকল্পের নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মদন। |
| ৮. | **<u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u>** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) মা ও শিশু সহায়তা তহবিলের কার্যক্রম যথাসময়ে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ৯. | **<u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u>** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান চলতি মাসে মনিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কদমশ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিষ্কার ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। চলতি মাসে বেশ কয়েকটি বিদ্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় অধিকাংশ শিক্ষক বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। তাদেরকে নিয়মিত বিদ্যালয়ে আসার জন্য মৌখিকভাবে সতর্ক করা হয়েছে। সকল বিদ্যালয়ের আঙ্গিনা ফুলের বাগান করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। | (ক) বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকার নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা আকস্মিক পরিদর্শনপূর্বক তথ্য সভায় অবহিত করবেন।<br>(খ) দুর্গম এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে প্রতিবেদনের তথ্য সভায় অবহিত করতে হবে।<br>(গ) সকল বিদ্যালয়ের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা | উপজেলা শিক্ষা অফিসার, মদন |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | পরিদর্শনপূর্বক সভায় অবহিত করবেন।<br>(ঘ) ০৯ জুলাই ২০২৩ থেকে ১০ জুলাই ২০২৩ পর্যন্ত উপস্থিতি ও অন্যান্য বিষয় সংক্রান্ত জরীপ প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করবেন। | |
| ১০. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত বিদ্যালয় ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং করা হচ্ছে। | প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১১. | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** ফিল্ড সুপার ভাইজার সভায় জানান যে, অত্র উপজেলা সমাজসেবা দপ্তর হতে ৮২৭৫ জনকে বয়স্ক ভাতা, ৫২৫৪ জনকে বিধবা ভাতা, ১৮৫৬ জনকে প্রতিবন্ধী ভাতা ২৪ জন অনগ্রসর ভাতা ৩৩ জন বেদেকে বেদে ভাতা, ২৩ অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, ০৮ জনকে বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, ৭৫জন প্রতিবন্ধীকে শিক্ষা উপবৃত্তি এবং ০১জনকে হিজড়া ভাতা প্রদান করা হচ্ছে। এ উপজেলায় মোট ভাতাভোগীর সভা ১৫,৫৪৯ জন। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত তথ্যাদি (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(গ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা। |
| ১২. | **উপজেলা যুব উন্নয়ন অফিস :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বেকার যুবক যুবতিদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কম্পিউটার প্রশিক্ষণ, মৎস্য চাষ প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম হয়েছে। চলতি অর্থ বছরে মৎস্য চাষের উপর একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। তাছাড়া এ অর্থ বছরে ২১০ জন বেকার যুবক যুবতীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন ইউনিয়নে আত্মকর্মস্থান প্রকল্পের আওতায় ২৪ জনকে =২০,০০০/- করে ঋণ বিতরণ করা হয়। ০৪ জন মহিলাকে সেলাই মেশিন বিতরণ করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে ৮০ জন যুব মহিলাকে ৯,৬০,০০০/- টাকার ঋণ বিতরণ করা হয়। তাছাড়া খেলাপী ঋন আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। ২০২০-২১ অর্থ বছরে বিভিন্ন গুচ্ছগ্রামের উপকারভোগীদের মধ্যে আত্মকর্মসংস্থান মূলক প্রশিক্ষণের মধ্যে কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মদন |
| ১৪. | **ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন শাখাঃ** ব্যবস্থাপক বা তার কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে উপস্থিত সদস্যগণের মতামতের ভিত্তিতে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) সক্ষমতা যাচাইপূর্বক জনগণকে অতি দ্রুত সময়ের মধ্যে ঋণ প্রদানে আন্তরিকভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মদন |
| ১৫. | **জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ** ২০২০-২১ এবং ২০২১-২০২২ অথবা তার পূর্বে কোন টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রম সম্পন্ন হয়নি, কিন্তু বিল পরিশোধ হয়েছে এমন ০৩টি অভিযোগ আমি পেয়েছি এবং ব্যবস্থা নিয়েছে। | (ক) ২০২০-২১ এবং ২০২১-২০২২ অথবা তার পূর্বের যেকোন অর্থ বছরের গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রম যা এখনো সম্পন্ন হয়নি, কিন্তু বিল পরিশোধ হয়েছে এমন কার্যক্রমের সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত গভীর টিউবওয়েল ও স্যানিটেশন কার্যক্রমের হালনাগাদ তথ্য ও বাস্তবায়ন হার (ইউনিয়ন ভিত্তিক) উপস্থাপন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, মদন |
| ১৬. | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্র মস্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। কৃষিজীবিকায়ন ঋণ ও প্রনোদনা ২য় পর্যায়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জুন/২৩ মাসের মধ্যে বরাদ্দ সাপেক্ষে বিতরণ করা হবে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন। |
| ১৭. | **উপজেলা সমবায় অফিস :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান উপজেলায় অডিটযোগ্য মোট ৫৯টি সমবায় সমিতি রয়েছে। সমবায় সমিতিগুলো নিয়মিত অডিট, পরিদর্শন, তদারকি, ব্যবস্থাপনা কমিটির নির্বাচন, সমবায়ীদের সমন্বয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ, বিভিন্ন সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ,বার্ষিক সাধারণ সভা ও বিধি মোতাবেক অডিট ফি, সমবায় উন্নয়ন তহবিল আদায় কার্যক্রম অব্যাহত আছে। | (ক) মদন উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(গ) সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকির করে বিস্তারিত সভায় অবহিত করতে | উপজেলা সমবায় কর্মকর্তা, মদন |

Rahman

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | হবে। | |
| ১৮. | চেয়ারম্যান ফতেপুর ইউপি : তিনি জানান প্রত্যেক ইউনিয়ন পরিষদে প্রাণিসম্পদ অফিস, পরিবার পরিকল্পনা অফিস, আনসার ও ভিডিপি অফিসসহ আরো কয়েকটি সরকারী দপ্তরের অফিস আছে। কিন্তু কোন অফিসের লোকজন ইউনিয়ন পরিষদের অফিসে আসে না। ফলে জনগণ সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি সকল অফিসারকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করার জন্য অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদে সকল নির্ধারিত অফিসের কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর |
| ১৯. | চেয়ারম্যান গোবিন্দশ্রী ইউপি : তিনি জানান মনিকা প্রাথমিক বিদ্যালয়ের গাইড ওয়াল নির্মাণ করা জরুরী। তাছাড়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সের বেহাল দশা। সেখানে কোন ডাক্তার আসেনা। লোকজন স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত হচ্ছে। | উপজেলা শিক্ষা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এবং উপজেলা শিক্ষা অফিসার |
| ২০. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ : নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |
| ২১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদঃ সভায় জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে ন্যায় ও সততার সাথে সঠিক ভাবে কাজ করার অনুরোধ জানান। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), মদন। |

২১। বিবিধ আলোচনা :চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জনাব শামীম আহমেদ, অফিস সহায়ক ও মোঃ শরীফ মিয়া, অফিস সহায়ক পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ০৬ জুন ২০২২ তারিখ চেয়ারম্যান, উপজেলা পরিষদ কার্যালয়ে যোগদান করেন। বিগত ০৬ ডিসেম্বর ২০২২ তারিখে তাদের চাকরির মেয়াদ ০৬ মাস পূর্ণ হওয়ায় তারা চাকরি স্থায়ীকরণের আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তাদের চাকরি স্থায়ীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন এবং সর্ব সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

২২। বিবিধ আলোচনা :চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট প্রস্তুত করা হয়েছে। তিনি বাজেটের সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সার্বিক আলোচনান্তে পরিশিষ্ট 'ঘ' মোতাবেক বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মিক্রমে অনুমোদিত হয়।

| ক্রমিক নং | ব্যয়ের খাত | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জুলাই ২০২২ হতে মে ২০২৩ পর্যন্ত বিদ্যুত বিল | ৭৪,৭৭৯/- |
| ২. | ভাইস চেয়ারম্যান কার্যালয়ের জুলাই ২০২২ হতে মে ২০২৩ পর্যন্ত বিদ্যুত বিল | ১৭২৩৪/- |
| ৩. | উপজেলা পরিষদ পাবলিক হল এর জুলাই ২০২২ হতে মে ২০২৩ পর্যন্ত বিদ্যুত বিল | ৩৫৮২৫/- |
| ৪. | ২০২২-২৩ অর্থ বছরের এডিপি ই টেন্ডার নোটিশের দৈনিক জননেত্র পত্রিকা বিজ্ঞাপন বিল | ৪,৪১৬/- |
| ৫. | উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর পরিশোধ | ১০,১০৮/- |
| ৬. | উপজেলা পরিষদের চেয়ারম্যানের জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত প্রতি মাসে ৭০০০/- হারে ১২ মাসের ভ্রমন বিল | ৮৪,০০০/- |
| ৭. | উপজেলা পরিষদের ০২ জন ভাইস চেয়ারম্যানগণের জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত প্রতি মাসে ৪০০০/- হারে ১২ মাসের ভ্রমন বিল | ৯৬,০০০/- |
| ৮. | পবিত্র ঈদুল আযহা/২০২৩ উপলক্ষে উপজেলা পরিষদের মালী ও সুইপারকে দরিদ্র কর্মচারী হিসেবে প্রত্যেককে ১০০০০/- টাকা করে অনুদান | ২০,০০০/- |

অত:পর আর কোনা আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Rahman 20/6/23

(মো: হাবিবুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মদন, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২৫৬.০০০.০৬.০০২.২২.৭০৫(৩১) — তারিখঃ ২০.০৬.২০২৩ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা..................................কর্মকর্তা, মদন, নেত্রকোণা (আগামী সভার ০৩দিন পূর্বে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিকস ফ্রন্টে সফটকপি ও হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় মেইলে unomadan@yahoo.com প্রেরণ করতে হবে)।
২. মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা
৩. চেয়ারম্যান (সকল).............................ইউপি, মদন, নেত্রকোণা
৪. বেগম.............................., সংরক্ষিত আসন,..........নং ওয়ার্ড, মদন, নেত্রকোণা
৫. সংশ্লিষ্ট নথি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. মাননীয় সংসদ সদস্য, ১৬০ -নেত্রকোণা-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা

CamScanner

৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা
৬. ভাইস চেয়ারম্যান/ ভাইস মহিলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা

(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা
[illegible]

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা কৃষি অফিসার, মদন, নেত্রকোণা।<br>২. উপজেলা মৎস্য কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>৪. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মদন, নেত্রকোণা।<br>৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ।<br>৯. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, মদন, নেত্রকোণা।<br>১০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>১১. উপজেলা বিআরডিবি কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>১২. উপজেলা শিক্ষা কর্মকর্তা, মদন, নেত্রকোণা।<br>১৩. উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোনা। | ১. মেয়র, মদন পৌরসভা<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>৪. চেয়ারম্যান, ০২ নং চানগাঁও ইউনিয়ন পরিষদ<br>৫. চেয়ারম্যান, ০৩ নং মদন ইউনিয়ন পরিষদ<br>৬. চেয়ারম্যান, ০৪ নং গোবিন্দশ্রী ইউনিয়ন পরিষদ<br>৭. চেয়ারম্যান, ০৫ নং মাঘান ইউনিয়ন পরিষদ<br>৮. চেয়ারম্যান, ০৬ নং তিয়শ্রী ইউনিয়ন পরিষদ<br>৯. চেয়ারম্যান, ০৭ নং নায়েকপুর ইউনিয়ন পরিষদ<br>১০. চেয়ারম্যান, ০৮ নং ফতেপুর ইউনিয়ন পরিষদ |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন, নেত্রকোণা<br>২। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, মদন, নেত্রকোণা। | ২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>৩। চেয়ারম্যান, ০১নং কাইটাইল ইউনিয়ন পরিষদ (অনুমতিক্রমে) |

কর্মকর্তা ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর প্রতিনিধি মেডিকেল অফিসার ডা. নয়ন ঘোষ।<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মদন, নেত্রকোণা এর স্থলে জনাব মো: সোহাগ মিয়া, ফিল্ড সুপার ভাইজার। | - |

পরিশিষ্ট-ঘ
২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বাজেট

(মো: শাহ আলম মিয়া)
উপজেলা নির্বাহী অফিসার
মদন, নেত্রকোণা

CamScanner